# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** ২৪ নভেম্বর ২০২২ খ্রি.

বাকলিয়ায় ব্রীজ উদ্বোধনকালে মেয়র

## রসুলবাগ ড্রাইভারশন খালের উপর ব্রীজ নির্মাণের ফলে বাকলিয়াবাসীর দুর্ভোগ লাগব হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পশ্চিম বাকলিয়া রসুলবাগ আবাসিক এলাকায় ড্রাইভারশন খালের উপর ৪কোটি ৭০লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ব্রীজ উদ্বোধন করেন। ব্রীজ উদ্বোধনকালে মেয়র বলেন, ড্রাইভারশন খালের উপর ব্রীজ নির্মাণের জন্য পশ্চিম বাকলিয়া রসুলবাগ আবাসিক এলাকাবাসীর দীর্ঘ দিনের দাবী ছিল। এই ব্রীজ এলাকাবাসীর আকাংঙ্খা পূরণ করল। উত্তর, দক্ষিণ ও পূর্ব বাকলিয়ার সাথে পশ্চিম বাকলিয়াবাসীর মধ্যে যোগযোগের সেতুবন্ধন স্থাপন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত ব্যক্ত করেন। মেয়র জলাবদ্ধতা নিরসনে মেগা প্রকল্পের মাধ্যমে খাল খনন করতে গিয়ে যে অস্থায়ী বাঁধ নির্মাণ করা হয়েছে তা দ্রুততম সময়ের মধ্যে অপসারণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শুধু মেগা প্রকল্প বাস্তবায়ন করলেই হবে না এর পাশাপাশি জনগনকেও সচেতন হতে হবে। মেগা প্রকল্পে গৃহীত চলমান ৩৪টি খালের সাথে বাকী **২১**টি খাল পূন: উদ্ধারে প্রকল্প গ্রহণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে পশ্চিম বাকলিয়া রসুলবাগ আবাসিক এলাকায় ড্রাইভার্শন খালের উপর নব নির্মিত ব্রীজ উদ্বোধনকালে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর মো. শহিদুল আলম, জহর লাল হাজারী, সংরক্ষিত কাউন্সিলর শাহীন আক্তার রোজী, চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, মুনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, আবু ছিদ্দিক, মির্জা ফজলুল কাদের, স্থানীয় আওয়ামী লীগ নেতা এ.এস.এম এয়াকুব, ইউনুছ কোম্পানী, মো. মুছা, আকবর আলী আকাশ, আব্দুল হাকিম মেম্বার, নছরুল্লাহ করিম চৌ. হারুনুর ইসলাম মামুন, শওকত ইমরান সুমন, মো. আনোয়ার মেম্বার, সুহৃদ বড়ুয়া, শাহেদুল ইসলাম, রাহুল দাশ, মিলটন, মো. ছবুর, ঠিকাদার শাহেদ সাকী ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

মেয়র আরো বলেন, চট্টগ্রামের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুবই আন্তরিক। তিনি চট্টগ্রাম মহানগরীর উন্নয়নে সুদুর প্রসারী অবকাঠামোগত ও দৃশ্যমান উন্নয়নের জন্য মেগা প্রকল্প বাস্তাবায়নে চসিকসহ সেবা প্রতিষ্ঠান সমুহকে প্রায় **২১**হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছে। এই বিপুল পরিমাণ বরাদ্দের যথাযথ ব্যবহারের মধ্যদিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চট্টলবাসির আশা আকাংঙ্খা পূরণ করতে হবে। তিনি আগামী ৪ ডিসেম্বর পলোগ্রাউন্ডে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কতৃজ্ঞতা জানাতে জনসভায় উপস্থিত থাকার জন্য নগরবাসির প্রতি আহ্বান জানান। মেয়র চসিকের গৃহকর নিয়ে একটি কুচক্রি মহলের বিভ্রান্তি মুলক অপপ্রচারে কর্নপাত না করে কর পুন: মূল্যায়নের অসংগতি মনে করলে তা আপীল বোর্ডের মাধ্যমে সমাধান করে নিজেরদের বক্তব্য পেশের মাধ্যমে যথাযথভাবে কর ধার্য্যের সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান। সে ক্ষেত্রেও নগরীর সম্মাণিত কোন করদাতা অসন্তষ্ট হলে তা নিরসনের জন্য মেয়রের সাথে যোগযোগ করে সহনীয় কর ধার্য্যের বিষয়টি সমাধান করে নেয়ার জন্য আহ্বান জানান। ৪ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয়ে পশ্চিম বাকলিয়া রসুলবাগ আবাসিক এলাকায় ড্রাইভারশন খালের উপর ৪০ ফুট বাই ২৬ ফুট **১**টি ব্রীজ, **১**টি কালভার্ট ও ওয়াকওয়ে সংস্কারসহ সৌন্দর্য্য বর্ধনের কাজ সম্পন্ন করা হয়।

মুক্তিযোদ্ধা স্মার্ট কার্ড গ্রহনকালে মেয়র

## মুক্তিযোদ্ধা যারা এখনো বেঁচে আছে তাদের কাছ থেকে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের গৌরব গাঁথা ইতিহাস জানা প্রয়োজন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, ১৯৭১সালে বাংলার স্বাধীনতার জন্য পাকিস্তানী হানাদার বাহিনীর বিরুদ্ধে জীবন বাজি রেখে যারা মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করেছিল তাদের অনেকেই আজ আমাদের কাছ থেকে পরপারে চলে গেছে। আর যারা বেঁচে আছেন তাদের বয়সও সত্তরের উর্ধ্বে, এদের আয়ুস্কাল ও নিশ্বেষের পর্যায়ে। এই বীর মুক্তিযদ্ধোদের অবদানের সঠিক ইতিহাস লিপিবদ্ধ করা এবং এদের আত্মত্যাগের ঘটনাবলী নতুন প্রজন্মকে জানানো সময়ের দাবী। মনে রাখতে হবে মুক্তিযুদ্ধ কোন দেশে বারবার হয় না, আবার কেউ মুক্তিযোদ্ধা হতে চাইলেও তা সম্ভব নয়। এজন্য মুক্তিযোদ্ধাদের সঠিক মূল্যায়ন করতে হবে। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার ক্ষমতায় আসার পর মুক্তিযোদ্ধাদের নানা ভাবে মূল্যায়ন করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের স্মার্ট কার্ড প্রদান একটি যুগান্তকারী উদ্যোগ বলে তিনি অভিমত ব্যক্ত করেন। আজ বৃহস্পতিবার অপরাহ্নে মহানগর মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডার মোজাফফর আহম্মদ ও চট্টগ্রাম জেলা ইউনিট মুক্তিযোদ্ধা সহকারী কমান্ডার এ.কে.এম আলাউদ্দিনের নেতৃত্বে চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে মুক্তিযোদ্ধা স্মার্ট কার্ড প্রদান করতে এলে তিনি এসব কথা বলেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন। মেয়র আরো বলেন, চট্টগ্রামের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে আন্তরিকতা দেখিয়েছেন তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাতে আগামী ৪ ডিসেম্বর পলোগ্রাউন্ডে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কতৃজ্ঞতা জানাতে জনসভায় উপস্থিত থাকার জন্য নগর ও জেলার সকল মুক্তিযোদ্ধাদের প্রতি আহবান জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## বিভিন্ন অপরাধে ১৩ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর দেওয়ানহাট ও কদমতলী সড়কের সর্বসাধারনে চলাচলের রাস্তা ও ফুটপাত দখল করে লোহার দোকানের মালামাল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

প্রধনমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জনসভার মাঠে মেডিকেল টিম গঠনের লক্ষ্যে
পলোগ্রাউন্ড মাঠ পরদর্শন করেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী

জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪ ডিসেম্বর পলোগ্রাউন্ড মাঠের জনসভায় চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে গতকাল বুধবার সকালে মেডিকেল টিমের সদস্যদের সাথে নিয়ে পলোগ্রাউন্ড মাঠ পরিদর্শন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও বাংলাদেশ আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক উপ কমিটির সদস্য ডা. সেলিম আকতার চৌধুরী। মাঠ পরিদর্শনকলে ডা: সেলিম আকতার চৌধুর টিমের সদস্যদের চিকিৎসা ক্যাম্প স্থাপনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩